

ঢাকা বিশ্ববিদ্যালয়ে
শিক্ষকদের কর্মবিরতি
অব্যাহত রাখার সিদ্ধান্ত

(ইত্তেফাক রিপোর্ট)
ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতি গতকাল (মঙ্গলবার) এক
জরুরী সভায় ক্যাম্পাসে সভাসের
প্রতিবাদে শিক্ষকদের কর্মবিরতি
(২য় পৃ: ৪-এর ক: ড:)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(৩য় পৃ: পর)

কর্মসূচী অব্যাহত রাখার সিদ্ধান্ত
নিয়াছে। সমিতির সভাপতি
প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরীর
সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায়
বলা হয়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-
বৃন্দ তাহাদের শিক্ষা গবেষণা ও
পরীক্ষা কার্যক্রম নিয়মিতভাবে
চলাইয়া যাইতে প্রস্তুত। তবে
ইহার জন্য স্মৃষ্ট পরিবেশ সৃষ্টি করিতে
হইবে। সভায় বিশ্ববিদ্যালয়ের
পরীক্ষাসমূহ কর্মবিরতির আওতা
বহির্ভূত রাখার পক্ষে মতামত
পোষণ করিয়া বলা হয়, “তবে
বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অবশ্যই
সকল পরীক্ষার্থী ও পরীক্ষা কার্যে
নিয়োজিত শিক্ষক বৃন্দের পূর্ণ
নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে
এবং পরীক্ষাসমূহ বিশ্ববিদ্যালয়
ক্যাম্পাসেই গ্রহণ করিতে হইবে।

৩৫ জন শিক্ষকের বিবৃতি

ক্যাম্পাসের সাম্প্রতিক পরি-
স্থিতিতে উদ্বেগ প্রকাশ করিয়া
ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩৫ জন
শিক্ষক গতকাল এক বিবৃতি
প্রদান করিয়াছেন। বিবৃতিতে
ক্যাম্পাসে ছাত্রলীগের (আ-অ)
কার্যক্রম স্বগিত রাখার ঘোষণা
দেওয়ার জন্য শেখ হাসিনাকে
অভিনন্দন জ্ঞাপন করিয়া বলা
হয়, এই ধরনের পদক্ষেপ
ক্ষমতাসীন দলের পক্ষে হইতে
নেওয়া উচিত ছিল।